



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রেস রিলিজ

তারিখ: ১৪.০৫.২০২৩

### পাবিপ্রবিতে শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার প্রকৌশল অনুষদের ডিন এবং শিক্ষকদের জন্য ‘ট্রেনিং ওয়ার্কশপ অন প্রিপারেশন ফর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম অ্যাক্রেডিটেশন’ শিরোনামে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালাটি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন।

কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন ইভিপেডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি)-এর ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের অধ্যাপক ড. মো. আব্দুর রাজজাক।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. শেখ রাসেল আল-আহমেদ এবং সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, আমাদের গ্র্যাজুয়েটদের আন্তর্জাতিক মানে উন্নীত করার ক্ষেত্রে অ্যাক্রেডিটেশন খুবই গুরুত্বপূর্ণ। প্রতিটি কাজ গুচ্ছিয়ে ও সুন্দরভাবে উপস্থাপন করতে হবে। যেকোনো বড় কাজকে সংক্ষিপ্ত ও সুন্দরভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। শিক্ষা ও গবেষণায় পাবিপ্রবিকে সামনে নিয়ে যেতে হবে।

ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে প্রকৌশল অনুষদের সকল শিক্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সকাল সাড়ে ৯টায় শুরু হয়ে বিকাল ৪টায় কর্মশালা শেষ হয়।

কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়। সপ্তাহলানা করেন আইকিউএসি'র প্রশাসনিক কর্মকর্তা সানজিদা শারমিন।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়